



ঢাকা বিশ্ববিদ্যালয়  
জরুরি বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক দেশের বর্তমান রাজনৈতিক পট পরিবর্তনের প্রেক্ষাপট বিবেচনায় সরকারি কর্মচারীদের অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালনসহ বিভিন্ন অনুষ্ঠানে যোগদান ও অন্যান্য ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করার নির্দেশনার প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন।

১. নিজ অধিক্ষেত্রের যেকোনো অনুষ্ঠানে যোগদানের চূড়ান্ত আমন্ত্রণ গ্রহণের পূর্বে আয়োজক প্রতিষ্ঠান/সংস্থার কার্যক্রম সম্পর্কে নিবিড়ভাবে তথ্য সংগ্রহপূর্বক আমন্ত্রণ চূড়ান্ত করা;
২. বিতর্ক এড়ানোর লক্ষ্যে অনুষ্ঠানে আমন্ত্রিত অন্যান্য অতিথিবর্গ সম্পর্কেও তথ্য সংগ্রহ করা; কোনো বিতর্কিত ব্যক্তি অনুষ্ঠানের অতিথি তালিকায় থাকলে উক্ত অনুষ্ঠান পরিহার করা;
৩. আয়োজিত অনুষ্ঠানের আমন্ত্রণপত্র/ব্যানার/লিফলেট/পতাকা/অন্যান্য যেকোনো ছাপানো কাগজের বর্ণনা, পোস্টার বা প্লোগান ইত্যাদি বিষয়ে কোনো আপত্তিকর/বিতর্ক সৃষ্টিকারী কোনো উপাদান রয়েছে কিনা, তা পরীক্ষা করা;
৪. অনুষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতকল্পে আইন-শৃঙ্খলা বাহিনী এবং গোয়েন্দা সংস্থার সহায়তা গ্রহণ;
৫. নিজস্ব অনুষ্ঠানের আমন্ত্রণপত্র/ব্যানার/চিঠি/পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/সাজ-সজ্জা/ক্রেস্ট/সার্টিফিকেট/ছবি/মেডেল/সুভেনির ইত্যাদি ভালোভাবে পরীক্ষা করা; এ সকল ডকুমেন্ট অথবা স্মারকে যাতে কোনো প্রকার আশঙ্কিত বা বিতর্ক সৃষ্টিকারী কোনো উপাদান বা বক্তব্য না থাকে, তা নিশ্চিত করা;
৬. সরকার কর্তৃক গেজেট নোটিফিকেশনের মাধ্যমে যে সকল দিবস বাতিল ঘোষণা করা হয়েছে, সে সকল দিবস যাতে পালিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকা;
৭. সরকার কর্তৃক বাতিল ঘোষিত দিবসসমূহের পূর্ববর্তী বছরগুলোর সকল স্মারক/ক্রেস্ট/ছবি/সুভেনির ইত্যাদি সকল অফিস থেকে অপসারণের ব্যবস্থা গ্রহণ করা;
৮. আনুষ্ঠানিক (formal) প্রতিটি সভা/অনুষ্ঠানের জন্য লিখিত বক্তব্য প্রস্তুতপূর্বক পাঠ করা; লিখিত বক্তব্যের বাইরে কোনো কথা/প্লোগান/জয়ধ্বনি/বাক্য বলা থেকে যথাসম্ভব বিরত থাকা;
৯. যেকোনো প্রকারের গুজব থেকে নিজে এবং নিজ অধিক্ষেত্রের সকল সহকর্মীকে দূরে রাখা।

উল্লিখিত বিষয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

২৬/১২/২০২৪

মুনসী শামস উদ্দিন আহম্মদ  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন  
রেজিস্ট্রারের অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়

০৬/১২/১৯৩১ বঙ্গাব্দ

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৪১৪১০ - বি

তারিখ: ২৬/১২/২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো :-

- |  |   |
|--|---|
| <ol style="list-style-type: none"> <li>১. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>২. সকল হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>৩. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>৪. সকল বিভাগীয় চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>৫. সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>৬. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>৭. পরিচালক, সকল গবেষণা কেন্দ্র/ব্যুরো, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>৮. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>৯. সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>১০. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>১১. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>১২. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>১৩. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>১৪. অধ্যক্ষ, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>১৫. অধ্যক্ষ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> <li>১৬. প্রধান হজির মসজিদুল জামিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়।</li> </ol> | <p>(সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।)</p> <p>(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।)</p> <p>(সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।)</p> |
|--|---|